

Rani Rashmoni Green University

Tarakeswar, Hooghly

M.A. 1<sup>st</sup> Semester Examination- 2025 (CBCS)

বিষয়: বাংলা

উনিশ শতকের সাহিত্য

Paper Code : BNGCC-105

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও-

২ x ৪ = ৮

- ক) 'হুতোম প্যাঁচার নকসা'-র লেখকের ছদ্মনাম ও প্রকৃত নাম লেখো।
- খ) 'মেঘনাদবধ' কাব্যে কত দিন ও কত রাত্রির ঘটনা বিবৃত হয়েছে?
- গ) 'মেঘনাদবধ' কাব্যের প্রথম সর্গ ও অষ্টম সর্গের নাম লেখো।
- ঘ) 'আমার সাজানো বাগান শুকিয়ে গেল'। - উক্তিটি কার?
- ঙ) 'প্রফুল্ল' নাটকে প্রফুল্ল'র মৃত্যু কীভাবে হয়েছিল?
- চ) রামতনু লাহিড়ীকে ডিরোজিয়ান কেন বলা হতো?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও-

৪ x ৪ = ১৬

- ক) হুতোমের দৃষ্টিকোণে কলকাতার বারোইয়ারী পূজোর ছবি কীভাবে উঠে এসেছে?
- খ) 'মেঘনাদবধ' কাব্যের সূচনাংশে মধুসূদন-এর ছন্দ প্রয়োগের বৈশিষ্ট্য আলোচনা করো।
- গ) টীকা লেখো- ব্রিটিশ ইণ্ডিয়ান এসোসিয়েশন।
- ঘ) 'প্রফুল্ল' নাটকে মদন ঘোষ চরিত্রটি কী প্রয়োজন সিদ্ধ করেছে?

ঙ) 'সে দিন আর নেই, সে উৎসাহ আর নেই। ত্রিশ বৎসর অনাহারে অনিদ্রায় রোজগার করেছি'-  
কে, কোন প্রসঙ্গে একথা বলেছেন?

চ) রাজেন্দ্র দত্তের জীবন সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লেখো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও-

৮ x ২ = ১৬

ক) 'হুতোম প্যাঁচার নকসা' নকসাদর্শী রচনা হিসেবে শ্রেষ্ঠত্বের দাবিদার- বক্তব্যটির পক্ষে বিপক্ষে  
যুক্তি দাও।

খ) 'মেঘনাদবধ' কাব্যের অষ্টম সর্গের গুরুত্ব বুঝিয়ে দাও।

গ) 'প্রফুল্ল' নাটকের নারী চরিত্রগুলির উপযোগিতা বুঝিয়ে দাও।

ঘ) 'রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ' গ্রন্থের 'অষ্টম পরিচ্ছেদ'- এর গুরুত্ব আলোচনা  
করো।